**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল
(আইসিটি শাখা)
www.barisal.gov.bd

আগস্ট/২০২২ মাসের জেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ সোহেল মারুফ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল

স্থান : সম্মেলন কক্ষ, সার্কিট হাউজ, বরিশাল।

তারিখ ও সময় : ১০/০৮/২০২২, বেলা ৪.০০ টা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, ইনোভেশন হলো পরিবর্তন, নতুনত্ব, নতুন ভাব, প্রথা, রীতি, আদি, উদ্ভাবন, নতুনের প্রবর্তন। কাজেই আমাদের সকলকে নতুন কিছু করে দেখাতে হবে। অত:পর সহকারী কমিশনার (আইসিটি) বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় বরিশাল জেলার বিভিন্ন দপ্তরের চলমান ও সমাপ্ত ইনোভেশন কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ বর্ণিত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) নতুন গৃহীত উদ্যোগ

| ক্র: | দপ্তর | চলমান উদ্ভাবনী প্রকল্পের নাম |
|---|---|---|
| ১. | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বরিশাল | মাটির সমস্যা সমাধান ও ফসলের উপযোগিতা নিরূপন |
| ২. | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বরিশাল | মৃত্তিকা ও ভূমিরূপ মানচিত্র ব্যবহার করে প্রধান ফসলের জন্য সার সুপারিশ কার্ড বিতরণ |

খ) চলমান উদ্যোগ:

| ক্র: | দপ্তর | চলমান প্রকল্প |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল | জেলার সকল সরকারি ও বেসরকারি দপ্তরের জরুরী যোগাযোগ নাম্বার এবং অন্যান্য তথ্য সম্বলিত "ডিজিটাল বরিশাল" নামক মোবাইল এ্যাপস |
| ২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গৌরনদী, বরিশাল | ইউডিসি থেকে মোবাইল এসএমএস এর মাধ্যমে জন্ম-নিবন্ধনের কনফার্মেশন বার্তা প্রদান |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আগৈলঝাড়া, বরিশাল | সাবলীলভাবে পড়তে পারা সপ্তাহের সেরা শিক্ষার্থী নির্বাচন |
| ৪. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল সদর, বরিশাল | কাঁচাবাজার মোবাইল এপ্লিকেশন |
| ৫. | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল | চাকুরী প্রত্যাশী ছাত্র-ছাত্রীদের জন্য Career Guide নামে প্রতি মাসে একটি সেমিনার আয়োজন করা |

চলমান-২

গ) সমাপ্তকৃত উদ্যোগ:

| ক্র: | দপ্তর | সমাপ্ত প্রকল্প |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল | সহশিক্ষা কার্যক্রম চালু আছে এমন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের জন্য পৃথক ওয়াশব্লক নির্মাণ |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার কার্যালয়, উজিরপুর, বরিশাল | বহি: বিভাগে স্বাস্থ্য সেবা সহজীকরণে হেলথ কার্ডের প্রচলন |
| ৩. | উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, বরিশাল সদর, বরিশাল | ব্লক পর্যায়ে কৃষি তথ্য সেবা নিশ্চিতকরণ |
| ৪. | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল | বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য খাঁচায় মাছ চাষ |

অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **নতুন ইনোভেশন আইডিয়া উপস্থাপন:** নতুন ইনোভেশন আইডিয়া পর্যালোচনা করে বরাদ্দ চাওয়া যেতে পারে মর্মে মত প্রকাশ করা হয়। | নতুন ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের জন্য বরাদ্দ চেয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (আইসিটি) |
| ২. | **চলমান ইনোভেশন প্রকল্প পরিদর্শন:** চলমান ইনোভেশন প্রকল্প জেলা ইনোভেশন টিমের সদস্যগণ কর্তৃক পরিদর্শন করা প্রয়োজন মর্মে সকলে মত প্রকাশ করেন। | জেলা ইনোভশন টিমের সদস্যগণ বরিশাল জেলায় চলমান ইনোভেশন প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন দিবেন। | জেলা ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ৩ | এ জেলার সকল উপজেলায় ইনোভেশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং সকল উপজেলায় নিয়মিত ইনোভেশন টিমের সভা করতে হবে। | ইনোভেশন কার্যক্রম ও ইনোভেটরদের উৎসাহ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল |
| ৪ | জেলা ইনোভেশন কমিটির সভায় এবং উপজেলা ইনোভেশন কমিটির সভায় ক্যাসকেডিং কর্মশালা আয়োজনের মাধ্যমে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের বিষয়ে সভাপতি সভায় নির্দেশনা প্রদান করেন। | সকল উপজেলায় ক্যাসকেডিং কর্মশালা আয়োজনের মাধ্যমে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ইনোভেশন টিমের সদস্যবৃন্দ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল |
| ৫ | মিড-ডে মিল নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে স্ব-স্ব উপজেলার প্রতিটি স্কুলকে মিড-ডে মিল এর আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার স্ব-স্ব উপজেলায় প্রতিটি স্কুলকে মিড-ডে মিল এর আওতায় আনবেন এবং নিজ উদ্যোগে পুরস্কারসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/৫/২২

(মোঃ সোহেল মারুফ)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
বরিশাল

স্মারক নং-০৫.১০.০৬০০.১২৭.০৬.০০১.১৯.১৫০

তারিখ : ২৬ শ্রাবণ ১৪২৯ / ১০ আগস্ট ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।

৪। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।

৫। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

৬। জেলা প্রশাসক, বরিশাল।

৭। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বরিশাল।

৮। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল।

৯। অধ্যক্ষ, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল।

১০। জনাব রাহাত হোসেন ফয়সাল, সহযোগী অধ্যাপক, সিএসই বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।

১১। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।

১২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল সদর, বরিশাল।

১৩। ..........................................................................................।

১৪। অফিস কপি।

10/8/22

(মোঃ সোহেল মারুফ)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
বরিশাল